# কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৫৬ এ

## বাংলা রহস্য-রোমাঞ্চ ও গোয়েন্দা কাহিনি

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

*প্রশ্নগুলি সম মানের।* ১০×৩=৩০

১. এমনকি উনিশ শতকের লেখা 'বাঁকাউল্লার দপ্তর'-এর কাহিনিতেও আধুনিক গোয়েন্দা গল্পের মূল লক্ষণগুলি উপস্থিত। তোমার পড়া একটি আখ্যান অবলম্বনে এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার মতামত জানাও।

অথবা

২. শার্লক হোম্‌সের কাহিনি অবলম্বনে ভিক্টর স্কলভস্কি গোয়েন্দাগল্পের যে কাঠামো প্রস্তাব করেছিলেন তার পরিচয় দাও। তোমার পড়া গোয়েন্দা গল্পের ক্ষেত্রে এই কাঠামো কি খাটবে?

৩. ব্যোমকেশ নিজেকে গোয়েন্দা বলতে চায় না, বলে 'সত্যান্বেষী'। স্ব-প্রদত্ত এই অভিধাটি তার পক্ষে কতদূর যথার্থ তা 'আদিম রিপু' কাহিনি অবলম্বনে যুক্তিসহ বিচার করো।





অথবা

৪. ইতিহাস কীভাবে 'দুর্গ রহস্য'-এর আখ্যান নির্মাণে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে আলোচনা করো।

৫. দেশভ্রমণ ফেলুদার গল্পের অন্যতম আকর্ষণ হলেও আখ্যান ভেদে কীভাবে তার চরিত্র বদলায় 'সোনার কেল্লা' ও 'জয়বাবা ফেলুনাথ' কাহিনি দুটি অবলম্বনে বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

অথবা

৬. 'জয়বাবা ফেলুনাথ'-এর আখ্যান নির্মাণে অন্যান্য গোয়েন্দা কাহিনির ব্যবহার যেমন অভিনব তেমনই তাৎপর্যপূর্ণ - মন্তব্যটি বিচার করো।

৭. পাঠ্য কাহিনি অবলম্বনে গোয়েন্দা হিসেবে কৃষ্ণা চরিত্রের নির্মাণটি তুমি কীভাবে পড়তে চাও জানাও।

অথবা

৮. যদি বলা হয় প্রভাবতী দেবীর কৃষ্ণা সিরিজের কাহিনিগুলি যতটা গোয়েন্দা গল্প তার চেয়ে অনেক বেশি অভিযান কাহিনি তাহলে কি তুমি সহমত হবে? যুক্তিসহ তোমার বক্তব্য লেখো।

★★★